

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 06-02-2026

Desk in Charge : Kalyan L.

Time: 1-40PM

Compiling :- Prabir B.

DEO: KB

NRT : Prabir B.

Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তাঁর জনপ্রিয় আলাপচারিতা পরীক্ষা পে চর্চায় শিক্ষার্থীদের নিজেদের মৌলিক শেখার পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দিয়েছেন।
- ২। রিসার্ভ ব্যাঙ্ক রেপো রেট ৫ দশমিক ২/৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে, ২০২৬-২৭ অর্থ বছরের প্রথম ত্রৈ মাসিকের জন্য প্রকৃত জি ডি পি বৃদ্ধির হার সংশোধন করে ৬ দশমিক ৯ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈ মাসিকের জন্য ৭ শতাংশ করেছে।
- ৩। রাজ্যের বাজেট বিতর্কের আলোচনায় রাজ্যের শাসক ও বিরোধী শিবিরের মধ্যে তীব্র রাজনৈতিক তর্জা চলেছে।
- ৪। ভোটগ্রহণ কেন্দ্রগুলির নিরাপত্তা, সুরক্ষা ও ভোটদাতাদের ন্যূনতম সুযোগ সুবিধা সুনিশ্চিত করা সংক্রান্ত মামলায় নির্বাচন কমিশন আজ আদালতে রিপোর্ট জমা দিয়েছে।
- ৫। হোলির সময় অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে ভারতীয় রেল এক হাজার চারশ দশ টি বিশেষ ট্রেন চালনার সিদ্ধান্ত নিয়েছে।
- ৬। কল্যানিতে পাঁচ দিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের আজ প্রথম দিনে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে বাংলা টসে জিতে ফিল্ডিং করছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জনপ্রিয় আলাপচারিতা পরীক্ষা পে চর্চা-র নবম পর্বে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রকাশিত একটি ভিডিওতে প্রধানমন্ত্রীকে পরীক্ষায় চাপ ও উদ্বেগ কাটিয়ে ওঠার বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশে বক্তব্য রাখতে দেখা যায়। এই মতবিনিময়ের সময়, শ্রী মোদি শিক্ষার্থীদের তাদের নিজস্ব শেখার পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দেন এবং জোর দিয়ে বলেন যে কোনো দুজন ব্যক্তি একই ভাবে চিন্তা করে না বা বেড়ে ওঠে না। তিনি বলেন যে প্রত্যেক শিক্ষার্থীর একটি স্বতন্ত্র শৈলী রয়েছে এবং প্রত্যেকের নিজের প্রস্তুতির পদ্ধতির ওপর পূর্ণ বিশ্বাস রাখাটা গুরুত্বপূর্ণ। তিনি বলেন যে একই সঙ্গে, শিক্ষার্থীদের, শিক্ষক, পিতামাতা এবং সংশ্লিষ্টজনদের দেওয়া পরামর্শগুলি মনোযোগ সহকারে শোনা উচিত এবং বোঝা উচিত এবং দরকারী অংশগুলি গ্রহণ করা উচিত। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের অপরের অঙ্ক অনুকরণ না করে, নিজেদের অভিজ্ঞতা এবং আত্ম-উপলব্ধি যোগ করতে উৎসাহিত করেন।

(বাইটঃ- মোদী)

প্রতিটি শিক্ষার্থীর শেখার গতি প্রকৃতির প্রতি শিক্ষাদের সংবেদনশীল থাকা উচিত বলে প্রধানমন্ত্রী পরামর্শ দিয়েছেন। তিনি বলেন যে একজন শিক্ষককে শিক্ষার্থীর থেকে ঠিক এক ধাপ এগিয়ে থাকা উচিত। তিনি শিক্ষার্থীদের প্রতি কোনো রকম ভীতি প্রকাশ না করার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী শিক্ষাদানকে কৃষিকাজের সঙ্গে তুলনা করে বলেন যে, একজন কৃষক যেমন বীজ বপনের আগে যত্ন সহকারে মাটি কর্ষণ করেন, তেমনি শিক্ষকদেরও শিক্ষার্থীদের মনকে ধৈর্য ধরে লালন করতে হবে যাতে তাদের শেখানো বিষয়গুলি শিক্ষার্থীদের মনে শিকড়ের মোট গেঁথে যেতে পারে।

সাবাবত ভেঙ্গটেশ নামে একজন শিক্ষার্থী প্রধানমন্ত্রীকে জিজ্ঞাসা করেন যে নম্বর পাওয়ার চেয়ে দক্ষতা বেশি গুরুত্বপূর্ণ কি না। শ্রী মোদি উত্তরে বলেন যে জীবনের প্রতিটি ক্ষেত্রে ভারসাম্য অপরিহার্য। তিনি ব্যাখ্যা করেন যে নম্বর বা দক্ষতা যে কোনো একদিকে খুব বেশি ঝুঁকে পড়লে ভারসাম্যহীনতা দেখা দিতে পারে, অন্যদিকে সঠিক ভারসাম্য বজায় রাখলে স্থিতিশীলতা এবং বৃদ্ধি নিশ্চিত হয়। প্রধানমন্ত্রী বলেন যে

দক্ষতাকে প্রধানত দুটি বিভাগে ভাগ করা যায়, জীবন দক্ষতা এবং পেশাগত দক্ষতা। শিক্ষার্থীদের উভয়ই বিকাশের উপর মনোযোগ দিতে হবে। তিনি জোর দিয়ে বলেন যে সঠিক অধ্যয়ন, পর্যবেক্ষণ এবং জ্ঞানের প্রয়োগ ছাড়া কোনো দক্ষতা অর্জন করা সম্ভব নয়।

(বাইট- মোদী)

প্রধানমন্ত্রীর ‘পরীক্ষা পে চৰ্চা’ অনুষ্ঠান আজ এরাজ্যের বিভিন্ন ক্ষেত্রে দেখানোর ব্যবস্থা করা হয়। এই ধরনের অনুষ্ঠান ছাত্র-ছাত্রীদের অনুপ্রেরণা যোগায় এবং তাদের পরীক্ষার ভয় কাটাতে সাহায্য করে বলে মনে করেন পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় বালিগঞ্জের প্রিলিপাল

উত্তম

কুমার।

(বাইট- উত্তম কুমার)

রিজার্ভ ব্যাংক রেপো রেট ৫ দশমিকে দুই/পাঁচ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। শীর্ষ ব্যাকের গভর্নর সঞ্চয় মালহোত্রা আজ তিনি দিনের মুদ্রানীতি কমিটির বৈঠকের এই সিদ্ধান্ত ঘোষণা করেন। এর ফলে স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি রেট ৫ শতাংশে এবং মার্জিনাল স্ট্যান্ডিং ফ্যাসিলিটি রেট ও ব্যাংক রেট ৫ দশমিক ৫ শতাংশ বহাল থাকবে বলে মুদ্রানীতি কমিটি সিদ্ধান্ত নিয়েছে।

উল্লেখ্য রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়া ২০২৬-২৭ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকের জন্য প্রকৃত জিডিপি বৃদ্ধির হার পূর্বাভাস সংশোধন করে ৬ দশমিক ৯ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈমাসিকের জন্য ৭ শতাংশ করেছে। ২০২৫-২৬ অর্থবছরের জন্য উপভোক্তা পণ্য সূচক ভিত্তিক মুদ্রাস্ফীতির পূর্বাভাস এখন ২ দশমিক ১ শতাংশ ধরা হয়েছে, যার মধ্যে চতুর্থ ত্রৈমাসিকে এটি ৩ দশমিক ২ শতাংশ থাকবে। কেন্দ্রীয় ব্যাকের মতে, ২০২৬-২৭ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে উপভোক্তা পণ্য সূচক ভিত্তিক মুদ্রাস্ফীতি ৪ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ৪ দশমিক ২ শতাংশ হবে বলে আশা করা হচ্ছে।

বিধানসভায় বাজেট বিতর্কের আলোচনায় আজ শাসক ও বিরোধী শিবিরের মধ্যে তীব্র রাজনৈতিক তরজা চলেছে। বিরোধীরা একদিকে সামাজিক প্রকল্প ও ভাতা বৃদ্ধি নিয়ে প্রশ্ন তোলেন, অন্যদিকে বাজেটের ভাষা ও দর্শন ঘিরে শাসক বিরোধী চাপান উত্তরে উক্তপ্ত হয়ে উঠে অধিবেশন কক্ষ।

বাজেট আলোচনার শুরুতেই বিজেপি বিধায়ক শক্তির ঘোষ লক্ষ্মীর ভান্ডার প্রকল্প প্রসঙ্গে প্রশ্ন তোলেন। তিনি বলেন, ৬০ বছর বয়স হলেই লক্ষ্মীর ভান্ডারের উপভোক্তারা স্বয়ংক্রিয়ভাবে বার্ধক্য ভাতার আওতায় চলে যান। লক্ষ্মীর ভান্ডার প্রকল্পে ৫০০ টাকা ভাতা বাড়ানো হলেও বার্ধক্য ভাতার অঙ্ক বাড়ানোর কোনও উল্লেখ বাজেট ভাষণে নেই। এই বিষয়টি পুনর্বিবেচনার জন্য তিনি অর্থমন্ত্রীকে তিনি অনুরোধ জানান।

এরপর বক্তব্য রাখতে উঠে বিজেপি বিধায়ক ডঃ অশোক লাহিড়ী সরকারপক্ষকে তীব্র কটাক্ষ করে মুখ্যমন্ত্রীর কথা অনুসারে এই বাজেটকেও হাম্পটি ডাম্পটি বাজেট বলে উল্লেখ করেন। তিনি বলেন সরকারের মনোভাব সবকিছু সামলে নেওয়ার আত্মবিশ্বাসে ভরা। কিন্তু রাজ্য সরকার বদল হলে তাঁদের এই প্রতিশ্রুতি পূরণে সমস্যায় পড়তে হবে। এই সময় তাঁর বক্তব্যের মাঝেই তৃণমূল বিধায়ক উদয়ন গুহ কিছু টিপ্পনী করলে দুপক্ষের বিরোধ বাধে। পরিস্থিতি সামাল দিতে হস্তক্ষেপ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এবং মন্ত্রী অরূপ বিশ্বাস। তাঁদের উদ্যোগে দুই পক্ষকেই শান্ত করা হয়।

লোকসভার আজ কাজ শুরু হলে অধ্যক্ষ ওম বিড়লা প্রশ্নেতর পর্ব শুরু করার চেষ্টা করেন, কিন্তু বিরোধী সদস্যরা সভাকক্ষের ওয়েলে নেমে এসে স্নেগান দিতে শুরু করেন। শ্রী বিড়লা বিরোধী সদস্যদের আচরণে উদ্বেগ প্রকাশ করেন এবং তাঁদেরকে সংসদ চলতে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, সংসদের কার্যক্রমে বিষ্ণ ঘটানোর কারণে এ পর্যন্ত সংসদের ১৯ ঘণ্টারও বেশি সময় নষ্ট হয়েছে।

(বাইট - ওম বিড়লা)

অধ্যক্ষ বিরোধী সাংসদদের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে সংসদে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ আনেন। তিনি সদস্যদের সংসদের মর্যাদা ও শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান এবং

বলেন যে প্রশ্নোত্তর পর্বে অন্য সদস্যদের কথা বলার সুযোগ দেওয়া উচিত। শ্রী বিড়লা বলেন, দেশের মানুষ অর্থপূর্ণ আলোচনার জন্য সদস্যদের নির্বাচিত করেছেন, কিন্তু বিরোধী সদস্যরা স্নোগান দিয়ে এবং প্ল্যাকার্ড প্রদর্শন করে সংসদের কাজকর্মকে ব্যাহত করেছেন। বিরোধী সদস্যরা তাঁদের বিক্ষেপ চালিয়ে গেলে দুপুর ১২টা পর্যন্ত সংসদ মুলতবি করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানের ৯ম পর্বে ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন। এই কর্মসূচির উদ্দেশ্য হলো পরীক্ষার চাপ নিয়ে আলোচনা করা এবং পরীক্ষাকে জীবনের উৎসব ও অবিচ্ছেদ্য অংগ হিসেবে উদ্যাপন করা।

সকাল ১০টায় এই অনুষ্ঠান দূরদর্শন, প্রধানমন্ত্রীর ইউটিউব চ্যানেল এবং শিক্ষা মন্ত্রকের সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মে সরাসরি সম্প্রচারিত হবে। এছাড়াও বিভিন্ন OTT প্ল্যাটফর্মে লাইভ স্ট্রিমিং করা হবে। ওয়েবস ওটিটি, আমাজন প্রাইম ভিডিও, জিও, জি-৫, সনি LIV ও স্পটিফাই এও এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

পশ্চিমবঙ্গের সমস্ত পোলিং বুথের নিরাপত্তা ও ন্যূনতম সুযোগ-সুবিধা প্রদানের জন্য ম্যাকিনটোশ বার্ন-এর জায়গায় NBCC-সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে নির্বাচন কমিশন আজ কলকাতা হাইকোর্টকে জানিয়েছে। বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের দায়ের করা এক জনস্বার্থ মামলার প্রেক্ষিতে কমিশন আজ এই রিপোর্ট জমা দেয়। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেংও, মামলাকারীর আইনজীবিকে রিপোর্টের একটি কপি দেওয়ার নির্দেশ দিয়েছেন। আগামী ১৮'ই ফেব্রুয়ারি আইনজীবিরা তাঁদের বক্তব্য জানাতে পারবেন।

উল্লেখ্য, ভোটগ্রহণ কেন্দ্রগুলির নিরাপত্তা, সুরক্ষা ও ভোটদাতাদের ন্যূনতম সুযোগ সুবিধা সুনিশ্চিত করায় দায়িত্বপ্রাপ্ত সংস্থা ম্যাকিনটোশ বার্ন তাদের কাজ থেকে অব্যাহতি নেয়। এই বিষয়ে আদালত নির্বাচন কমিশনের কাছে এ সংক্রান্ত রিপোর্ট

তলব করে। কমিশন আদালতে জানায়, এবিষয়ে তাদের কোনো ভূমিকা নেই, রাজ্যের অর্থ দণ্ডের পরামর্শেই ওই সংস্থা গতবছর দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছে।

হোলির সময় অতিরিক্ত যাত্রাভিড় সামাল দিতে ভারতীয় রেল মোট ১ হাজার চারশো ১০ টি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

এর মধ্যে পূর্ব রেল মোট ৯৪টি হোলি স্পেশাল ট্রেন চালানোর পরিকল্পনা করেছে। এর ফলে পুরীর মতো গুরুত্বপূর্ণ তীর্থস্থানে যাতায়াতের সুবিধা বাঢ়বে। দক্ষিণ পূর্ব রেল সাঁতরাগাছি থেকে MGR Chennai, -Thiruvananthapuram, Charlapalli, Darbhanga র মধ্যে, শালিমার থেকে বিশাখাপত্নম ও বরোদার মধ্যে ট্রেন চলবে। উত্তর পূর্ব সীমান্ত রেল আসামের Narangi, পশ্চিমবঙ্গের নিউ জলপাইগুড়ি, এবং বিহারের katihar ও কিশানগঞ্জ স্টেশন থেকে বিভিন্ন স্থানে হলি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

জলাভূমি, পরিবেশ সংরক্ষণ ও জলের অপচয় বন্ধ করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাঁকুড়া দক্ষিণ বন বিভাগের উদ্যোগে মুকুটমণিপুরে এক শিবিরের আয়োজন করা হয়। স্থানীয় বাসিন্দা, নৌকার চালক সব বিভিন্ন পেশার মানুষ এতে অংশ নেন। পাখি ও বন্যপ্রাণ গবেষণা সংক্রান্ত এক সংস্থার সহযোগিতায় মুকুটমণিপুর জলাধারে পাখি গণনার কাজ'ও করা হয়।

বাঁকুড়া দক্ষিণ বন বিভাগের ADFO অসিত দাস বলেন, মুকুটমণিপুর জলাধারে দেশ বিদেশের বিভিন্ন প্রজাতির পরিযায়ী পাখির সংখ্যা কমে যাওয়ার বিষয়টি লক্ষ্য করা গেছে। এর জন্য মোটৱ চালিত নৌকার শব্দ, জলের দূষণ, মাছ ধরার জাল এবং পাখিদের খাদ্যের অভাব দায়ী বলে তিনি মনে করেন।

নদীয়ার কল্যাণীর মোহনপুরে অবস্থিত আইজার কলকাতা ক্যাম্পাসে আজ থেকে শুরু হল তিন দিনব্যাপী বার্ষিক বিজ্ঞান উৎসব। এক বর্ণাত্য উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে এই

বিজ্ঞান উৎসবের আনুষ্ঠানিক সূচনা হয়। উদ্বোধন করেন ডাইরেক্টর অফ ডিন অফ এডমিশন অধ্যাপক মোহিত প্রসাদ। বিজ্ঞানমনস্কতা ও উদ্ভাবনী চিন্তাকে উৎসাহিত করাই এই উৎসবের মূল লক্ষ্য। এই উপলক্ষে ক্যাম্পাসজুড়ে আয়োজন করা হয়েছে নানা ধরনের বিজ্ঞানভিত্তিক প্রতিযোগিতা। একাধিক আকর্ষণীয় ইভেন্টে অংশ নিচ্ছেন শিক্ষার্থীরা। বিজ্ঞান ও প্রযুক্তির উজ্জ্বল উদ্যাপনে এবছর অংশগ্রহণ করছেন ২০০০-এরও বেশি ছাত্রছাত্রী। কল্যাণী জিএনএম, এইমস কল্যাণী, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়সহ রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এই উৎসবে অংশগ্রহণ করছেন। পড়াশোনার পাশাপাশি বাস্তব জীবনে বিজ্ঞানচর্চা ও সূজনশীল চিন্তার বিকাশ ঘটাতেই এই ধরনের উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে অনেকেই মনে করেন।

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের উদ্যোগে বাঁকুড়ায় জেলা পরিষদ অডিটোরিয়ামে বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে বাঁকুড়া জেলা খাদি মেলা। চলবে আগামী ১৬ ফেব্রুয়ারী পর্যন্ত। মেলায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে খাদি ও সুতো বস্ত্রের নানান সম্ভার নিয়ে হাজির হয়েছেন শিল্পীরা। এ ছাড়াও হস্তশিল্প সামগ্রীর নানান স্টল রয়েছে মেলায়।

কল্যাণীতে পাঁচ দিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের ম্যাচের প্রথম দিনে অন্নপ্রদেশের বিরুদ্ধে বাংলা টসে জিতে প্রথমে ফিল্ডিং করছে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে- অন্নপ্রদেশ চার উইকেট হারিয়ে ১৬১ রান করেছে।
